রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৮, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ২৩ আশ্বিন ১৪১৫ বাং/০৮ অক্টোবর ২০০৮ খ্রিঃ

নং ৪৫(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২২-৬-১৪১৫ বাং মোতাবেক ০৭-১০-২০০৮ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৮ সনের ৪৫ নং অধ্যাদেশ

Representation of the People Order, 1972 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩(১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ Representation of the People (Second Amendment) Ordinance, 2008 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

মূল্যঃ টাকা ২.০০

২। **P.O. No. 155 of 1972 এর Article 12 এর সংশোধন।**—Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 12 এর clause (1) এর—

(ক) দফা (l) এ উল্লিখিত "six months" শব্দগুলির পরিবর্তে "fifteen days" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (m) এ উল্লিখিত "six months" শব্দগুলির পরিবর্তে "fifteen days" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) দফা (n) এর পরিবর্তে নিম্নরূপ দফা (n) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(n) personally has failed to pay the telephone, gas, electricity, water or any other bill of any service providing organization of the Government before fifteen days from the day of submission of nomination paper;";

(ঘ) Explanation II এ উল্লিখিত "The disqualification under clause (m) shall not apply to a person" শব্দগুলি ও বন্ধনীর পরিবর্তে "The disqualification under sub-clause (k) shall not apply to a person" শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(ঙ) Explanation VI এর পর নিম্নরূপ Explanation VII সংযোজিত হইবে, যথা ঃ—

"**Explanation VII.**—'chief executive' referred to in sub-clause (i) of Article 12(1) means a person holding full time post of a chief executive of any non-government organization who receives monthly salary and other emoluments in that capacity."।

৩। **P.O. No. 155 of 1972 এর Article 44CC এর সংশোধন।**— উক্ত Order এর Article 44CC এর clause (3) এর sub-clause (d) এর শেষ প্রান্তস্থিত ফুলস্টপের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ—

"Provided that the amount mentioned in sub-clauses (a), (b), (c) and (d) shall be subject to maximum taka one lakh and fifty thousand per candidate."।

৪। **P.O. No. 155 of 1972 এর Article 81 এর সংশোধন।**—উক্ত Order এর Article 81 এর clause (1) এর sub-clause (b) এর পর নিম্নরূপ নূতন sub-clause (bb) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(bb) is found in possession of any ballot paper or ballot paper book or is seen exhibiting them before the members of the public outside the polling station;"।

৫। **P.O. No. 155 of 1972 এর Article 90B এর সংশোধন।**—উক্ত Order এর Article 90B এর—

(ক) clause (1) এর sub-clause (b)(i) এ উল্লিখিত "central committee" শব্দগুলির পর "as laid down in the constitution" শব্দগুলি বিলুপ্ত হইবে; এবং

(খ) clause (3) বিলুপ্ত হইবে।

৬। **P.O. No. 155 of 1972 এর Article 90C এর সংশোধন।**—উক্ত Order এর Article 90C এর clause (2) এর শর্তাংশে উল্লিখিত "which" শব্দটির পরিবর্তে "with" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৭। **P.O. No. 155 of 1972 এর Article 90D এর সংশোধন।**—উক্ত Order এর—

(ক) Article 90D এ উল্লিখিত "Article 90A" শব্দ ও সংখ্যার পর ", Article 90B and not disqualified under Article 90C" কমা, শব্দগুলি ও সংখ্যাগুলি সন্নিবেশিত হইবে; এবং

(খ) Article 90D এর শেষ প্রান্তস্থিত ফুলস্টপের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন শর্তাংশ সংযোজিত হইবে, যথা ঃ—

"Provided that the Commission may allow any political party to apply for registration which has a provisional constitution containing provisions as specified under sub-clauses (b)(i), (b)(ii), (b)(iii) and (b)(iv) of clause (1) of Article 90B as well as complying with the provisions under Article 90C along with a resolution of the highest policy-making body of the party, by whatever name it may be called, to the effect that the party shall submit a ratified constitution within six months from the date of first sitting of ninth parliament."।

তারিখ ঃ ২২-৬-১৪১৫ বঙ্গাব্দ / ০৭-১০-২০০৮ খ্রিস্টাব্দ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।